গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৫২/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ৪ ফেব্রুয়ারি ২০১৯, ২২ মাঘ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। খাদ্যে ভেজালরোধে বিশেষ ল্যাবরেটরি প্রতিষ্ঠা করা হবে : নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইথিওপিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন
৩। অসুস্থ সংগীত পরিচালক আলাউদ্দিন আলীর পাশে দাঁড়ালেন প্রধানমন্ত্রী
৪। পুলিশ সপ্তাহ শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৫। সংসদে ১৪ সদস্যের কার্যোপদেষ্টা কমিটি গঠন
৬। বিশ্ব ইজতেমা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। নেতিবাচক রাজনীতির কারণে প্রধানমন্ত্রীর চায়ের দাওয়াতে যায়নি বিএনপি : তথ্যমন্ত্রী
৮। করের আওতা বাড়ানোর নির্দেশ অর্থমন্ত্রীর
৯। ভুল প্রশ্নে পরীক্ষা দেওয়া এসএসসি শিক্ষার্থীদের খাতা আলাদাভাবে মূল্যায়ন করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী
১০। বাংলাদেশ-সৌদি আরবের সম্পর্ক এখন সর্বোচ্চ পর্যায়ে : পররাষ্ট্রমন্ত্রী
১১। জনসেবার মান বাড়াতে কাজে গতিশীলতা আনতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
১২। আইএলও'র পরামর্শেই শ্রম আইন সংশোধন করে সময়োপযোগী করা হয়েছে : বাণিজ্যমন্ত্রী
১৩। দুর্নীতিবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি সমাজকল্যাণমন্ত্রীর
১৪। রাজধানীতে ৬৬ শতাংশ ভবনই নিয়ম বহির্ভূতভাবে নির্মিত : সংসদে গণপূর্তমন্ত্রী
১৫। ভূমি অফিসে হয়রানির অভিযোগ পেলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা : ভূমিমন্ত্রী
১৬। সারাদেশের রেললাইনকে ব্রডগেজ লাইনে রূপান্তর করা হবে : রেলমন্ত্রী
১৭। জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে ভোট গ্রহণ আগামী ৪ মার্চ
১৮। মাথাপিছু প্রবৃদ্ধিতে শীর্ষে বাংলাদেশ : ব্রিটিশ ম্যাগাজিনের তথ্য
১৯। নদী দখলকারী নির্বাচনে ও ঋণ পেতে অযোগ্য : হাইকোর্টের রায়
২০। হজে যেতে লাগবে ২০২০ পর্যন্ত পাসপোর্টের মেয়াদ

চলমান পাতা-২



১। খাদ্যে ভেজালরোধে বিশেষ ল্যাবরেটরি প্রতিষ্ঠা করা হবে :

**নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সন্ত্রাসের বিরুদ্ধে অভিযান চালিয়ে সফলতা অর্জন করেছি। এখন মাদকের বিরুদ্ধে অভিযান চালাচ্ছি। খাদ্যে ভেজাল দেওয়াও এক ধরনের দুর্নীতি, এর বিরুদ্ধেও অভিযান চলছে। খাদ্যে ভেজালরোধে দেশে কেন্দ্রীয়ভাবে বিশেষ ল্যাবরেটরি (পরীক্ষাগার) প্রতিষ্ঠা করা হবে। সব বিভাগীয় শহরে এর শাখা থাকবে। যাতে করে যে কোনো জায়গায় যে কোনো ভেজাল খাবার যেন সাথে সাথে আমরা পরীক্ষা করে দেখতে পারি। নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, জনগণ যদি সচেতন থাকে, তবে কেউ তাদের সঙ্গে প্রতারণা করতে পারবে না। তাই অভিযান পরিচালনার পাশাপাশি এ বিষয়ে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করা দরকার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইথিওপিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

ইথিওপিয়ার প্রধানমন্ত্রী ড. আবিয়ী আহমেদ চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পাঠানো বার্তায় ইথিওপীয় প্রধানমন্ত্রী বলেন, ইথিওপিয়ার সরকার ও জনগণ এবং আমার ব্যক্তিগত পক্ষ থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রী পুনর্নির্বাচিত হওয়ায় আপনাকে উষ্ণ অভিনন্দন জানাচ্ছি। ড. আহমেদ দায়িত্ব পালনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাফল্য কামনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

৩। **অসুস্থ সংগীত পরিচালক আলাউদ্দিন আলীর পাশে দাঁড়ালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসুস্থ সংগীত পরিচালক ও সুরকার আলাউদ্দিন আলীর চিকিৎসার জন্য ২৫ লাখ টাকা অনুদান দিয়েছেন। আলাউদ্দিন আলী বর্তমানে রাজধানীর ইউনিভার্সাল মেডিকেল কলেজ হাসপাতালে ইনটেনসিভ কেয়ার ইউনিটে চিকিৎসাধীন। প্রধানমন্ত্রীর প্রেস উইং জানায়, প্রখ্যাত সংগীত পরিচালক আলাউদ্দিন আলীর স্ত্রী গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে ঐ অনুদানের চেক গ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

৪। **পুলিশ সপ্তাহ শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

আজ (৪ জানুয়ারি সোমবার) থেকে পাঁচ দিনব্যাপী (৪-৮ ফেব্রুয়ারি) পুলিশ সপ্তাহ ২০১৯ শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকাল সাড়ে ১০টায় রাজারবাগ পুলিশ লাইনস মাঠে পুলিশ সপ্তাহের উদ্বোধন করবেন। তিনি সারাদেশের বিভিন্ন পুলিশ ইউনিটের সদস্যদের সমন্বয়ে গঠিত ১১টি কন্টিনজেন্ট এবং পতাকাবাহী দলের প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৫। **সংসদে ১৪ সদস্যের কার্যোপদেষ্টা কমিটি গঠন : সভাপতি স্পিকার**

পদাধিকারবলে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে সভাপতি করে ১৪ সদস্যের সংসদের সর্বোচ্চ নীতি নির্ধারণী কার্যোপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। সংসদ অধিবেশনসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত এ কমিটির বৈঠকেই চূড়ান্ত হয়। এছাড়া সংসদ অধিবেশন নিয়ে যে কোনো সিদ্ধান্তও এ কমিটি থেকে নেওয়া হয়। সংসদনেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন এ কার্যোপদেষ্টা কমিটির সদস্য হিসেবে রয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

৬। **বিশ্ব ইজতেমা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, নির্ধারিত সময়ে শান্তিপূর্ণভাবে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হবে। আগামী ১৫ থেকে ১৭ ফেব্রুয়ারি সুষ্ঠু ও সুন্দরভাবে ইজতেমা সম্পন্ন করতে তাবলিগের দুই পক্ষ এক হয়েছে। তাবলিগ জামাতের মধ্যে যে বিভেদ ছিল তা ইতোমধ্যেই মিটে গেছে। ইজতেমার প্রস্তুতি চলছে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে ইজতেমার আইনশৃঙ্খলা সংক্রান্ত এক বৈঠকশেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৭। **নেতিবাচক রাজনীতির কারণে প্রধানমন্ত্রীর চায়ের দাওয়াতে যায়নি বিএনপি : তথ্যমন্ত্রী**

নেতিবাচক রাজনীতির কারণে বিএনপি নেতারা প্রধানমন্ত্রীর চায়ের দাওয়াতে যায়নি বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ। জাতীয় ঐক্যফ্রন্ট নেতারা প্রধানমন্ত্রীর চায়ের দাওয়াতে না যাওয়ায় হতাশা প্রকাশ করে

তিনি বলেন, ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেন বিএনপি'র সঙ্গে জোট করার পর দলটির নেতাদের সৌজন্য শেখাবেন বলে আশা করেছিলেন। কিন্তু এখন দেখছেন হয়েছে তার উল্টোটা। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) জাতীয় প্রেসক্লাবে এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**৮। করের আওতা বাড়ানোর নির্দেশ অর্থমন্ত্রীর**

বিদ্যমান করদাতাদের ওপর অত্যধিক চাপ তৈরি না করে করের আওতা বাড়ানোর মাধ্যমে কর আদায় বাড়ানোর নির্দেশ দিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকেন্দ্রে জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠককালে তিনি এ নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৯। ভুল প্রশ্নে পরীক্ষা দেওয়া এসএসসি শিক্ষার্থীদের খাতা আলাদাভাবে মূল্যায়ন করা হবে : সংসদে শিক্ষামন্ত্রী**

এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষার প্রথম দিন বিভিন্ন জেলার **১৮** কেন্দ্রে ভুল প্রশ্নপত্রে যেসব শিক্ষার্থীর পরীক্ষা নেওয়া হয়েছে, তাদের খাতা আলাদাভাবে মূল্যায়ন করা হবে জানিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ইতোমধ্যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন সাপেক্ষে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনো শিক্ষার্থী ক্ষতিগ্রস্ত হবে না। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী আরও বলেন, যে কেন্দ্রগুলোতে সমস্যাটা হয়েছে, সেখানে কেন্দ্র সচিবসহ সংশ্লিষ্টদের ভুলের কারণে এ ঘটনাটি ঘটেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৬)।

**১০। বাংলাদেশ-সৌদি আরবের সম্পর্ক এখন সর্বোচ্চ পর্যায়ে : পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশ-সৌদি আরবের বর্তমান সম্পর্ক যে কোনো সময়ের চাইতে সর্বোচ্চ পর্যায়ে রয়েছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত আবদুল্লাহ এইচএম আলমুতাইরি সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়, বাংলাদেশ থেকে মানবসম্পদ রপ্তানি বৃদ্ধি এবং দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতে আমরা এ সম্পর্ককে আরও জোরদার করব। বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে সম্পর্ক উন্নয়নের কাজ করায় রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**১১। জনসেবার মান বাড়াতে কাজে গতিশীলতা আনতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

দেশে চিকিৎসা বিজ্ঞানের গবেষণায় আরও নজর দিতে প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়সহ সকল চিকিৎসা গবেষণা প্রতিষ্ঠান প্রধানগণকে কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, জনগণের সেবার গুণগতমান আরও বাড়ানোর লক্ষ্যে কাজে গতিশীলতা আনতে হবে। পাশাপাশি পুরনো কৌশলের সঙ্গে নতুন নতুন উদ্ভাবনের দিকে সকলকে বিশেষ নজর দিতে হবে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে এক মতবিনিময় সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১২। আইএলও'র পরামর্শেই শ্রম আইন সংশোধন করে সময়োপযোগী করা হয়েছে : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের শ্রমিকরা এখন নিরাপদ ও কর্মবান্ধব পরিবেশে কাজ করছেন, উপযুক্ত মজুরি পাচ্ছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের আন্তরিক ইচ্ছায় এবং তৈরিপোশাক কারখানার মালিকদের সহযোগিতায় শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠায় আমূল পরিবর্তন এসেছে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) বাংলাদেশ সচিবালয়ে নিজ কার্যালয়ে ঢাকায় নিযুক্ত আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) কান্ট্রি ডিরেক্টর তুমো পৌতিয়াইনেনের সঙ্গে মতবিনিময়ের সময় এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, দেশে একের পর এক গ্রিন ফ্যাক্টরি গড়ে উঠছে। বাংলাদেশের কারখানাগুলোর কাজের পরিবেশের আমূল পরিবর্তন হয়েছে। আইএলও'র পরামর্শে শ্রম আইন সংশোধন করে সময়োপযোগী করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **বাংলাদেশ** (শেষ পৃ,ক.৪)।

**১৩। দুর্নীতিবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি সমাজকল্যাণমন্ত্রীর**

মন্ত্রণালয়ের কোনো কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া নেওয়া হবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। তিনি বলেন, মন্ত্রণালয়ের দুর্নীতিবাজ কর্মকর্তাদের বিচার করা হবে। কারও বিরুদ্ধে সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ পেলে তার আর কোনো রক্ষা থাকবে না। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর আগারগাঁওয়ে সমাজসেবা অধিদপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১৫,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১৪। রাজধানীতে ৬৬ শতাংশ ভবনই নিয়ম বহির্ভূতভাবে নির্মিত : সংসদে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেন, রাজধানীতে রাজউকের ৬৬ শতাংশ ভবনই নিয়ম বহির্ভূতভাবে নির্মাণ করা হয়েছে। ২০১৮ সালের রাজউকের এক জরিপে এ চিত্র ফুটে উঠেছে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদের প্রশ্নোত্তরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী এ জরিপ রিপোর্টের তথ্য তুলে ধরেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১৫। ভূমি অফিসে হয়রানির অভিযোগ পেলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা : ভূমিমন্ত্রী**

চট্টগ্রামে জেলা প্রশাসনের ভূমি অধিগ্রহণ শাখায় কর্মরতদের সতর্ক করলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। তিনি গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম জেলা প্রশাসনের ভূমি অধিগ্রহণ শাখায় সারপ্রাইজ ভিজিট করার সময় কর্মকর্তাদের এ সতর্কবার্তা দেন। মন্ত্রী বলেন, ভূমি অফিসে কোনো ধরনের হয়রানি, দুর্নীতি বরদাশত করা হবে না। কারো বিরুদ্ধে অভিযোগ পেলে সাথে সাথে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**১৬। সারাদেশের রেললাইনকে ব্রডগেজ লাইনে রূপান্তর করা হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, সারাদেশের রেললাইনকে পর্যায়ক্রমে ব্রডগেজ লাইনে রূপান্তর করা হবে। এছাড়াও ভারতের সঙ্গে বন্ধ কানেকটিভিটি পুনরায় চালু করা হবে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) রেলভবনে রেলপথমন্ত্রীর সঙ্গে মন্ত্রীর কক্ষে বাংলাদেশে নিযুক্ত এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর মনমহন পারকাশ সাক্ষাৎ করতে আসলে মন্ত্রী এসব কথা বলেন। কান্ট্রি ডিরেক্টর মনমহন পারকাশ পঞ্চগড় থেকে বাংলাবান্ধা পর্যন্ত নতুন রেললাইন নির্মাণের বিষয়ে এডিবি'র আগ্রহের কথা মন্ত্রীকে জানান। এছাড়া তিনি ঈশ্বরদী এবং ধীরাশ্রমে আইসিডি নির্মাণেরও আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.২), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১)।

**১৭। জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে ভোট গ্রহণ আগামী ৪ মার্চ**

জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনে ভোট গ্রহণ করা হবে আগামী ৪ মার্চ। এ নির্বাচনের জন্য আগ্রহী প্রার্থীরা আগামী **১১** ফেব্রুয়ারির মধ্যে তাদের মনোনয়নপত্র রিটার্নিং কর্মকর্তার কাছে জমা দিতে পারবে। মনোনয়নপত্র বাছাই করা হবে **১২** ফেব্রুয়ারি। আগামী **১৬** ফেব্রুয়ারি প্রার্থিতা প্রত্যাহারের দিন ধার্য করা হয়েছে। গতকাল (৩ ফেব্রুয়ারি রোববার) কমিশনের বৈঠক শেষে ইসি সচিব হেলালুদ্দিন আহমদ এ তফসিল ঘোষণা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১৮। মাথাপিছু প্রবৃদ্ধিতে শীর্ষে বাংলাদেশ : ব্রিটিশ ম্যাগাজিনের তথ্য**

মোট দেশজ উৎপাদনে (জিডিপি) অবদান রাখার দিক থেকে মাথাপিছু প্রবৃদ্ধিতে সব দেশকে ছাড়িয়ে যাচ্ছে বাংলাদেশ। এ সূচকে প্রথম তিন দেশের মধ্যে বাংলাদেশ একটি। গত পাঁচ বছরে বাংলাদেশে মাথাপিছু প্রবৃদ্ধি হয়েছে ৪৫ শতাংশ। একই হারে প্রবৃদ্ধি অর্জন করেছে ভারত ও চীন। জনগণের ক্রয়ক্ষমতার ওপর ভিত্তি করে এ হিসাব করা হয়েছে। তবে প্রবৃদ্ধির যে ধারাবাহিকতা, তা ধরে রাখতে পারলে অদূর ভবিষ্যতে এ দুই দেশকেও পেছনে ফেলবে বাংলাদেশ। ব্রিটিশ সাপ্তাহিক ম্যাগাজিন 'দ্য স্পেক্টেটর' বৈশ্বিক প্রবৃদ্ধির ওপর তাদের টুইটার অ্যাকাউন্টে গত **২** ফেব্রুয়ারি শনিবার প্রকাশিত সূচকে এসব তথ্য দিয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২)।

**১৯। নদী দখলকারী নির্বাচনে ও ঋণ পেতে অযোগ্য : হাইকোর্টের রায়**

ঢাকার অদূরে তুরাগ নদকে জীবন্ত সত্তা ঘোষণা করে জাতীয় নদীরক্ষা কমিশনকে দেশের সব নদ-নদী, খাল-বিল ও জলাশয়ের আইনগত অভিভাবক ঘোষণা করেছে হাইকোর্ট। কারও বিরুদ্ধে নদীদখলের অভিযোগ থাকলে তাকে নির্বাচনের জন্য এবং ব্যাংক থেকে ঋণ পাওয়ার ক্ষেত্রে অযোগ্য ঘোষণারও নির্দেশনা দিয়েছে আদালত। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্বাচন কমিশন ও বাংলাদেশ ব্যাংককে নির্দেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে এ রায়ের অনুলিপি প্রধানমন্ত্রীর কাছে পাঠানোর নির্দেশ দিয়ে হাইকোর্ট বলেন, এ রায়ের কপি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো হোক। যাতে তিনি ব্যক্তিগত উদ্যোগে নদ-নদী সম্পর্কে জরুরিভিত্তিতে পদক্ষেপ নিতে পারেন। গতকাল (৩ ফেব্রুয়ারি

রোববার) বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশরাফুল কামালের হাইকোর্ট বেঞ্চ নদীরক্ষায় দশ দফা নির্দেশনা ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশসহ এ রায় দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**২০। হজে যেতে লাগবে ২০২০ পর্যন্ত পাসপোর্টের মেয়াদ**

২০১৯ সালে হজ গমনেচ্ছুদের পাসপোর্টের মেয়াদ ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি পর্যন্ত থাকা বাধ্যতামূলক করছে ধর্ম মন্ত্রণালয়। এ সংক্রান্ত বার্তা দিয়ে সকল মোবাইল অপারেটরে ক্ষুদেবার্তা পাঠাতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) চিঠি দিয়েছে মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যায়যায়দিন (শেষ** পৃ,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্যে ভেজালকারী অসাধু ব্যবসায়ীদের উদ্দেশে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন উল্লেখ করে ভেজালের মহামারি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট :** ই-বর্জ্যের ক্ষতিকর দিক সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির পাশাপাশি জরুরিভিত্তিতে ই-বর্জ্যের ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন, বণিক বার্তা, যুগান্তর, ডেইলি সান :** এসএসসি পরীক্ষার বাংলা প্রশ্নপত্র পরীক্ষা চলাকালীন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক ও হোয়াটসঅ্যাপে ছড়িয়ে পড়ায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনার জন্য দায়ীদের শাস্তি নিশ্চিত করার দাবি।

ঘ. **সংবাদ :** স্থানীয় সরকারের ওপর এমপিদের প্রভাবের কারণে সরকারের বিকেন্দ্রীকরণ বাধাগ্রস্ত হচ্ছে উল্লেখ করে স্থানীয় সরকার ব্যবস্থাকে এমপিদের প্রভাবমুক্ত করার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার অমর একুশে গ্রন্থমেলার উদ্বোধনীতে ভাষা, সাহিত্য, শিল্প-সংস্কৃতির চর্চা বেগবান করার আহ্বান জানানোর কথা উল্লেখ করে জ্ঞান বাড়াতে নিয়মিত বইপড়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট :** খাদ্যে ভেজালরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ ।

ছ. **ডেইলি সান :** সড়কে শৃঙ্খলা ফেরাতে মেয়াদোত্তীর্ণ পরিবহণ ও লাইসেন্সবিহীন চালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিদেশে বাংলাদেশি সবজির বাজার সম্প্রসারণের জন্য কূটনৈতিক সহযোগিতা প্রয়োজন।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'স্বাস্থ্যসেবার উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দিতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নিবেদিতপ্রাণ চিকিৎসক ছাড়া কখনো মানসম্পন্ন স্বাস্থ্যসেবা গড়ে উঠতে পারেনা।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা